পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১৪৫৯/শা- ২(ক)/প.

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৯
১২ সেপ্টেম্বর ২০২২

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## ২০২১ সনের অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২১ সনের ১ম বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু পরীক্ষার্থীদেরকে আগামী ১৫-০৯-২০২২ তারিখ থেকে ২৬-০৯-২০২২ তারিখের মধ্যে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। কলেজে কর্তৃপক্ষ আগামী ২৮-০৯-২০২২ তারিখের মধ্যে ভেরিফাই করতে হবে। অনলাইনে ফরম পূরণ, কলেজ কর্তৃক ভেরিফাই ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো:

### পরীক্ষার ফিস্ ও অন্যান্য ফিসের হার

| ক্রমিক নং | পরীক্ষার ফিস্ এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পত্র প্রতি) | ৩০০/- | ১৫/০৯/২০২২ হতে ২৬/০৯/২০২২ তারিখ পর্যন্ত। | ২৮/০৯/২০২২ তারিখ |
| ০২ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | |
| ০৩ | বিশেষ অন্তর্ভুক্তি ফি( মানোন্নয়ন / গ্রেড উন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স ফি'র অতিরিক্ত) বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৫০০/- | | |
| ০৪ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী– কলেজে জমা হবে<br>১. কলেজের জন্য- ৩০০/-<br>২. কেন্দ্রের জন্য- ৪৫০/- | ৭৫০/- | | |
| ০৫ | কেন্দ্র ফি- ব্যবহারিক ( প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |
| ০৬ | নন-কলেজিয়েট ফিস (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ১৫০০/- | | |
| ০৭ | ১ম বর্ষ নম্বরপত্র ফি (প্রতি নিয়মিত পরীক্ষার্থীর জন্য) | ৪৫০/- | | |

বি: দ্র: নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষা অত্যাসন্ন বিধায় উক্ত তারিখের পর কোন শিক্ষার্থীর ফরম ও ফিস্ গ্রহণ করা সম্ভব হবে না।

## নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী ফরম ও ফিস্ দাখিল করতে হবে

০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

*** ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত এবং ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীরা ২০১৯, ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তারা উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। অনিয়মিত শিক্ষার্থীদের সকল পত্রে অংশগ্রহণ বাধ্যতামূলক।

*** ২০১৭-২০১৮ শিক্ষার্থীদের (যারা ৪র্থ বর্ষ ২০২১ পরীক্ষায় অংশগ্রহন করেছে) ১ম বর্ষ পরীক্ষায় কোন পত্র/পত্রসমূহে "F" গ্রেড রয়েছে তারা উক্ত "F" গ্রেড প্রাপ্ত পত্র/পত্রসমূহকে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করে অবশ্যই গ্রহণযোগ্য গ্রেডে উন্নীত করতে হবে।

*** ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী যদি ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ না করে থাকে তাহলে উক্ত শিক্ষার্থী ২০২১ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, কিন্তু যদি ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে থাকে তাহলে তার ২০২১ সনের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের কোন সুযোগ নাই।

*** ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যারা ২০২০ সনের ১ম বর্ষ পরীক্ষায় কৃতকার্য হয়েছে তারা আলোচ্য পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও ২০২০ সনের ১ম বর্ষ সম্মান পরীক্ষায় সর্বমোট ৩টি পত্রে অকৃতকার্য/অনুত্তীর্ণ/অনুপস্থিত শিক্ষার্থীরাও উক্ত পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

*** **শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাশে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাশে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

### মানোন্নয়ন

- ✓ কলা অনুষদের ক্ষেত্রে (D থেকে B-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে B) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- ✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে (D থেকে A-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

**অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ http://dua7c.com/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরমপুরনের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **২৫/০৯/২০২২** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

০২. কলেজের জন্য করণীয়:

অনলাইনে আবেদন ফরম পূরণ ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7 Collegedu.ac.bd) **Formfilup**/http://dua7c.com/ লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ১ম বর্ষ পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

ফি জমাদানের পদ্ধতি:

২০২১ সালের ১ম বর্ষ সম্মান পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

০১. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

অনার্স ১ম বর্ষ ২০২১ পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

মেমো নং:- ১৪৫৯/শা- ২(ক)/প.

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৯ / ১২ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হল:

১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২। প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪। কলেজ পরিদর্শক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫। হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্বদিবদ্যালয়।
৭। উপ-রেজিস্ট্রার, (শিক্ষা/ভর্তি), ঢাকা বিশ্ববিদ্যালয়।
৮। উপ-রেজিস্ট্রার, উপাচার্য মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০। উপ-রেজিস্ট্রার, প্রো-উপাচার্য (প্রশাসন) মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১১। সহকারী রেজিস্ট্রার ও সচিব, কোষাধ্যক্ষ মহোদয়ের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১২। সকল পরীক্ষা উপ-নিয়ন্ত্রক, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক ও সেকশন অফিসার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১৩। ম্যানেজার, সোনালী/জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

12/9/2022

12.09.2022 12.09.2022